


পদ্মার এপারের বিদ্যুৎ

# ওজোপাডিকো বার্তা

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর মুখপত্র

(An Enterprise of Bangladesh Power Development Board)

প্রথম বর্ষ | ২য় সংখ্যা | অক্টোবর-ডিসেম্বর ২০১৭


## বর্ণাঢ্য আয়োজনে ৪৬তম মহান বিজয় দিবস-২০১৭ উদযাপন

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ ৪৬তম মহান বিজয় দিবস নানান আয়োজনে যথাযথ মর্যাদায় ভাবগাম্ভির্যের সাথে পালন করে। জাতীয় পতাকা উত্তোলন, বিজয় র‌্যালি, পুষ্পস্তবক অর্পণ,




*মহান বিজয় দিবস-২০১৭ উদযাপন উপলক্ষ্যে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর র‌্যালির একাংশ ।*

আলোচনা সভা, দোয়া মাহফিলসহ, পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। সকাল ৬.০০ টার সময় ওজোপাডিকোর সকল দপ্তরে একযোগে জাতীয় পতাকা উত্তোলন করা সহ ৮.০০ ঘটিকায় খুলনাস্থ বিক্রয় ও বিতরণ বিভাগ-১, শেখপাড়া হতে বিজয় র‌্যালি বের

*বাকী অংশ ৩য় পাতায়*

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড"-এ ইউনেস্কো কর্তৃক স্বীকৃতি দেওয়ায় ওজোপাডিকো'র আনন্দ শোভাযাত্রা




*বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে ইউনেস্কো কর্তৃক "মেমোরি অব দ্য ওয়ার্ল্ড" স্বীকৃতি দেওয়ায় পওস সার্কেল, ওজোপাডিকো'র ফরিদপুর দপ্তরে আনন্দ শোভাযাত্রার একাংশ।*

গত ২ নভেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণ- ইউনেস্কোর "মেমোরি অব দ্য

*বাকী অংশ শেষ পাতায়*

## একনেকে ওজোপাডিকো'র ১২৪৯ কোটি টাকার প্রকল্প অনুমোদন

ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ-এর আওতায় সম্মানিত সকল গ্রাহকদের বিদ্যুৎ সেবার মান আরও উন্নত ও সহজীকরনের লক্ষ্যে গত ০৭ নভেম্বর' ২০১৭ খ্রিঃ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় "ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার সম্প্রসারণ ও পরিবর্ধন প্রকল্প" শীর্ষক শিরোনামে ১২৪৯.০৫০৫ (একহাজার দুইশত উনপঞ্চাশ কোটি পাঁচ লক্ষ পাঁচ হাজার) কোটি টাকার প্রকল্প অনুমোদন করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০২১ সালের মধ্যে "ঘরে ঘরে বিদ্যুৎ" নিশ্চিতকরার স্বার্থে ওয়েস্ট জোন এলাকার সকল নাগরিদের বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে বিতরণ

*বাকী অংশ শেষ পাতায়*

## পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম কংক্রিট ঢালাই কাজের শুভ সূচনার সম্প্রচার বড় পর্দায়




*পাবনার রূপপুরে নবনির্মিত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম কংক্রিট ঢালাই কাজের শুভ উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা যাহা খুলনাস্থ শহীদ হাদিস পার্কে ওজোপাডিকো কর্তৃক সম্প্রচার করা হয়।*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ৩০শে নভেম্বর, ২০১৭ খ্রিঃ তারিখে সারাদেশে একযোগে পাবনার রূপপুরে নবনির্মিত পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের প্রথম কংক্রিট ঢালাই কাজের শুভ উদ্বোধন করেন । এ উপলক্ষ্যে ওজোপাডিকো'র আয়োজনে খুলনাস্থ শহীদ হাদিস পার্কে উদ্বোধনী অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার এর ব্যবস্থা করা হয় । উক্ত সম্প্রচার অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা-২ আসনের মাননীয় সাংসদ জনাব আলহাজ মিজানুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক জনাব প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন। এছাড়া খুলনা জেলা প্রশাসন, ওজোপাডিকো ও অন্যান্য দপ্তরের কর্মকর্তা-কর্মচারীসহ সর্বস্তরের মানুষ

*বাকী অংশ ৩য় পাতায়*

# ওজোপাডিকো বোর্ডের পরিচালনা পর্ষদ

## চেয়ারম্যান



**জনাব মোছাঃ মাকছুদা খাতুন**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
অতিরিক্ত সচিব (প্রশাসন)
বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

## পরিচালকবৃন্দ



**মোঃ জহুরুল হক**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
সদস্য (প্রশাসন), বিউবো, ঢাকা।



**প্রকৌশলী মোঃ আজহারুল ইসলাম**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
সদস্য (পি এন্ড ডি), বিউবো, ঢাকা।



**প্রকৌশলী মোঃ ফখরুজ্জামান**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
সদস্য (বিতরণ), বিউবো, ঢাকা।



**ড. প্রকৌঃ মুহাঃ রফিকুল ইসলাম**
পরিচালক
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
অধ্যাপক, তওই কৌশল বিভাগ
খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা।



**জনাব শাহ্ মোঃ আশরাফুল হক জর্জ**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
অ্যাডভোকেট, বাংলাদেশ সুপ্রিম কোর্ট, ঢাকা।



**মোঃ মামুনুর রশিদ, এফসিএমএ**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
কাউন্সিল সদস্য, আইসিএমএবি, বাংলাদেশ ও
ডেপুটি ব্যবস্থাপনা পরিচালক
ইনডেক্স গ্রুপ অফ কোম্পানি।



**প্রকৌশলী এস এম মঞ্জুরুল হক মঞ্জু**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
অনারারি এসিসট্যান্ট জেনারেল সেক্রেটারী
(একাডেমিক এন্ড ইন্টারন্যাশনাল এ্যাফেয়ার্স)
সেন্ট্রাল কাউন্সিল, আইইবি।



**প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন**
ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো
ও
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো।



**মোহাম্মাদ মফিজুর রহমান**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
উপ-সচিব (সমন্বয়-১),বিদ্যুৎ বিভাগ,
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।



**মোহাম্মদ নাজমুল আবেদীন**
পরিচালনা পর্ষদ, ওজোপাডিকো এবং
উপসচিব (উন্নয়ন-১), বিদ্যুৎ বিভাগ,
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।

## পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের

*১ম পাতার পর*

উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মাননীয় সংসদ সদস্য রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্রের পাশাপাশি বিদ্যুৎ সেক্টরে সরকারের অসামান্য সফলতার বিষয়ে আলোকপাত করেন। ওজোপাডিকো'র ব্যবস্থাপনা পরিচালক মহোদয় বলেন, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র বর্তমান সরকারের উন্নয়নের একটি মাইলফলক, ভিশন-২০২১ ও বিদ্যুৎ সেক্টরের ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনার লক্ষ্য মাত্রা অর্জনে ওজোপাডিকো নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

## ওজোপাডিকোতে নতুন যোগদানকৃত সহকারী প্রকৌশলীদের সংবর্ধনা অনুষ্ঠিত

বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ (বিপিপি), ওজোপাডিকো ইউনিট, খুলনা এর পক্ষ থেকে গত ০৮ নভেম্বর, ২০১৭ খ্রিঃ, রোজ বুধবার, হোটেল রয়েল ইন্টারন্যাশনাল, খুলনায় নতুন যোগদানকৃত সহকারী প্রকৌশলীগণকে এক আনন্দঘন পরিবেশে সংবর্ধনা দেওয়া হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর ব্যবস্থাপনা পরিচালক



*বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ ওজোপাডিকো ইউনিটের বরণ ও সংবর্ধনা অনুষ্ঠানে সম্মানিত উপদেষ্টা ও প্রকল্প পরিচালক, ইএইউডিএসপি প্রকৌশলী মোঃ আবু হাসান ফুল দিয়ে শুভেচ্ছা জানান প্রধান অতিথি ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিনকে।*

মহোদয় প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন, প্রধান উপদেষ্টা, বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ, ওজোপাডিকো ইউনিট। প্রধান অতিথি সংবর্ধনা অনুষ্ঠানে হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালী, স্বাধীন বাংলাদেশের রূপকার, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের তাৎপর্যপূর্ণ রাজনৈতিক ও পারিবারিক জীবন স্মৃতিচারণের মাধ্যমে স্বাধীন বাংলাদেশ গঠনে বঙ্গবন্ধুর সূদুর প্রসারী চিন্তাভাবনা, সুদৃঢ় মনোবল, বলিষ্ঠ নের্তৃত্ব, মহান আত্মত্যাগ ও ভবিষ্যৎ স্বয়ংসম্পূর্ণ বাংলাদেশ বিনির্মাণে তাঁর স্বপ্নের কথা উপস্থিত নতুন যোগদানকৃত সহকারী প্রকৌশলীদের নিকট তুলে ধরেন। তিনি সকলের প্রতি নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের আহবান জানান এবং ওজোপাডিকোর তথা দেশের সামগ্রিক উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ হাসান আলী তালুকদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বঙ্গবন্ধু প্রকৌশলী পরিষদ, ওজোপাডিকো ইউনিট-এর সভাপতি প্রকৌঃ মোঃ সাইফুজ্জামান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী (ভাঃপ্রাঃ), পিএন্ডডি এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন বিপিপি এর সাধারণ সম্পাদক প্রকৌশলী রকিব উদ্দিন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন প্রকৌশলী সি.এম. মোতাহার হোসেন, প্রকল্প পরিচালক, এসপিডিএসপি। অন্যান্য নেতৃবন্দ্ও বঙ্গবন্ধুর জীবনের উপর আলোকপাত করেন এবং নবাগত সহকারী প্রকৌশলীদের বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন।

## বর্ণাঢ্য আয়োজনে ৪৬তম মহান

*১ম পাতার পর*

হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন র‍্যালির নের্তৃত্ব প্রদান করেন। র‍্যালিপূর্ব সংক্ষিপ্ত সমাবেশে তিনি জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও




*মহান বিজয় দিবস উদযাপনের অংশ হিসাবে ব্যাডমিন্টন খেলায় বিজয়ীদের মাঝে পুরস্কার তুলে দিচ্ছেন ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন ।*

স্বাধীনতাযুদ্ধের সকল বীর শহীদদের আত্মত্যাগের কথা শ্রদ্ধার সাথে স্মরণ করেন। ওজোপাডিকোসহ সকল পেশাজীবি সংগঠন গল্লামারী শহীদ স্মৃতিসৌধে শহীদদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন। বিকাল ৩.০০ ঘটিকায় মহান বিজয় দিবস-২০১৭ উপলক্ষ্যে আয়োজিত ব্যাডমিন্টন টুর্ণামেন্ট-এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের



*বিজয় দিবস-২০১৭ উপলক্ষে আলোচনা সভা ও সাস্কৃতিক অনুষ্ঠানে বক্তব্য প্রদান করেন ওজোপাডিকোর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী মোঃ শফিক উদ্দিন।*

আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ওজোপাডিকোর সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উপস্থিত থেকে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন। পরবর্তীতে সন্ধ্যা ৬.০০ ঘটিকায় খুলনা অফিসার্স ক্লাবে এক আলোচনা সভা ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।



## একনেকে ১২৪৯ কোটি

*১ম পাতার পর*

ব্যবস্থার নির্মাণ, সম্প্রসারণ ও পরিবর্ধন-এর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ওয়েস্ট জোন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার নির্ভরযোগ্যতা ও স্থিরতা নিশ্চিতকরণ এবং বিতরণ ব্যবস্থার বিদ্যুৎ-বিভ্রাট হ্রাসকরণ-ই হলো এই প্রকল্পের মূল উদ্দেশ্য। প্রস্তাবিত প্রকল্পের আওতায় ২৫৩০টি বিতরণ ট্রান্সফরমার স্থাপন, ৫৮৭.৯০ কিঃমিঃ ১১ কেভি লাইন, ৮৬৬.২২কিঃমিঃ ১১/০.৪ কেভি লাইন, ৯৫৪.৮০ কিঃমিঃ ০.৪ কেভি বিতরণ লাইন নির্মাণ এবং ৫৩২৭৮.৮১ বঃমিঃ আবাসিক ও অনাবাসিক পূর্ত নির্মাণ কাজ করার পরিকল্পনা রয়েছে। প্রকল্পটি আগামী ৩০জুন, ২০২১ সালের মধ্যে বাস্তবায়িত হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ৬,০০,০০০ (ছয় লক্ষ) গ্রাহককে নতুন বিদ্যুৎ সংযোগ এর আওতায় আনা সম্ভব হবে।

## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর

*১ম পাতার পর*

ওয়ার্ল্ড" ইন্টারন্যাশনাল রেজিস্টারে অন্তর্ভূক্তির মাধ্যমে "বিশ্ব প্রামাণ্য ঐতিহ্য" স্বীকৃতি লাভ করায় ওজোপাডিকো'র সকল দপ্তরে একযোগে আনন্দমিছিল অনুষ্ঠিত হয়। ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ হাসান আলী তালুকদার-এর নেতৃত্বে এক আনন্দ মিছিল খুলনা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শিববাড়ীতে গিয়ে শেষ হয়।

## ওজোপাডিকো'র গ্রাহক সেবা কেন্দ্র উদ্বোধনের অপেক্ষায়..



*একই স্থানে গ্রাহকের সেবা নিশ্চিত করতে ওজোপাডিকোর গ্রাহক সেবা কেন্দ্র উদ্বোধনের অপেক্ষায়।*

ওজোপাডিকোর বিদ্যুৎ সেবার মান বৃদ্ধির লক্ষ্যে একই স্থানে (Single Point) সম্মানিত গ্রাহক সাধারণের অভিযোগ গ্রহণ ও নিস্পত্তির সুবিধার্থে শহরের কেন্দ্রস্থলে বিক্রয় ও বিতরণ বিভাগ-১, শেখপাড়া, খুলনা এর অফিস চত্বরে একটি নতুন গ্রাহক সেবা কেন্দ্র (Customer Care Center) নির্মাণ করা হয়েছে। শীঘ্রই সেটি সম্মানিত গ্রাহক সাধারণের জন্য উন্মুক্ত করে দেয়া হবে। পর্যায়ক্রমে ওজোপাডিকো'র আরো নতুন গ্রাহক সেবা কেন্দ্র নির্মাণের পরিকল্পনা রয়েছে। উল্লেখযোগ্য গ্রাহক সেবা গুলোর মধ্যে-অভিযোগ কেন্দ্রে বিদ্যুৎ বিভ্রাট সংক্রান্ত এবং প্রি-পেমেন্ট/ডিজিটাল মিটার সম্পর্কিত যাবতীয় অভিযোগ গ্রহণ, নতুন সংযোগ, লোড বৃদ্ধি, লাইন সম্প্রসারণ, বিদ্যুৎ বিল সংক্রান্ত অভিযোগ ও নিস্পত্তি ইত্যাদির সেবা একই স্থানে প্রদান করা হবে। এছাড়াও মোবাইল ফোনে অভিযোগ গ্রহণ এবং এর আশু সমাধান প্রদানের লক্ষ্যে একটি টিম সার্বক্ষণিক কাজ করবে।

## ওজোপাডিকোতে অফিসার্স অ্যাসোসিয়েশন কর্তৃক যোগদানকৃত প্রকৌশলীদের সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত

ওজোপাডিকোতে নতুন যোগদানকৃত সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীগণকে নভেম্বর, ২০১৭ খ্রিঃ, তারিখে অফিসার্স অ্যাসোসিয়েশন, ওজোপাডিকো এর আয়োজনে এক সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর



*ওজোপাডিকো অফিসার্স এসোসিয়েশন কর্তৃক সংবর্ধনা অনুষ্ঠানে নতুন যোগদানকৃত প্রকৌশলীদের ফুলের তোড়া দিয়ে বরণ করেন ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন।*

ব্যবস্থাপনা পরিচালক মহোদয় প্রকৌঃ মোঃ শফিক উদ্দিন, প্রধান উপদেষ্টা, অফিসার্স অ্যাসোসিয়েশন, ওজোপাডিকো। প্রধান অতিথি বক্তব্যে নতুন যোগদানকৃত সহকারী প্রকৌশলী ও উপ- সহকারী প্রকৌশলীদের নিকট বলিষ্ঠ নের্তৃত্ব, মহান আত্মত্যাগ ও ভবিষৎ স্বয়ংসম্পূর্ণ বাংলাদেশ বিনির্মাণে বঙ্গবন্ধুর স্বপ্নের কথা তুলে ধরেন। পাশাপাশি তিনি জাতির জনকের চেতনা ধারণ করে দেশনেত্রী শেখ হাসিনার স্বপ্নের ডিজিটাল বাংলাদেশ গঠন ও ২০২১ সালের মধ্যে "ঘরে ঘরে বিদ্যুৎ" এর লক্ষ্য পূরণে উপস্থিত সকলের প্রতি স্বচ্ছ দায়িত্ব পালনের আহবান জানান এবং ওজোপাডিকোর সামগ্রিক উন্নয়নে তাঁর গৃহীত পদক্ষেপ বর্ণনা পূর্বক বিভিন্ন লক্ষ্য পূরণে সকলের সহযোগিতা কামনা করেন। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ওজোপাডিকোর নির্বাহী পরিচালক (অর্থ) জনাব রতন কুমার দেবনাথ, এফসিএমএ, নির্বাহী পরিচালক (প্রকৌশল) প্রকৌঃ মোঃ হাসান আলী তালুকদার। উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি জনাব রবীন্দ্রনাথ দত্ত, উপ-মহাব্যবস্থাপক(বানিজ্যিক)। এতে আরও বক্তব্য রাখেন প্রকৌঃ সিএম মোতাহার হোসেন, প্রকল্প পরিচালক, এসপিডিএসপি, প্রকৌঃ মোঃ আবু হাসান, প্রকল্প পরিচালক, ইএইউপিডিএসপি সহ আরও অন্যান্য নেতৃবৃন্দ।

## কৃতিত্ব



তাসফিয়া জামান ধরিত্রী, গত ২৯-১২-২০১৭ ইং তারিখে ঢাকায় অনুষ্ঠিত বঙ্গবন্ধু জাতীয় শিশু কিশোর প্রতিযোগিতায় দেশ গানে দ্বিতীয় এবং রবীন্দ্র সংগীতে তৃতীয় স্থান অধিকার করে। এছাড়াও ২০১৪ ও ২০১৫ সালে একই প্রতিযোগীতায় ছড়া গানে জাতীয় পর্যায়ে স্বর্ণপদক লাভ করে। ধরিত্রী প্রকৌশলী মোঃ সাইফুজ্জামান, ভারপ্রাপ্ত তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিএন্ডডি, সদর দপ্তর-এর কনিষ্ঠ কন্যা।

**ধরিত্রী সকলের দোয়া প্রার্থী।**



মু: গ্লোরি, খুলনা ০১৭১১ ২৯ ৬৬ ১৯